গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
বাজেট ব্যবস্থাপনা শাখা
www.erd.gov.bd

স্মারক নম্বর-০৯.০০.০০০০.০৭৮.০৬.০০১.২৩.২২৭

তারিখ : ১৯ ফাল্গুন ১৪৩০ ব. / ৩ মার্চ ২০২৪ খ্রি.

ইন্টার্নশিপ আহবান বিজ্ঞপ্তি

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ বৈদেশিক সহায়তার সুষ্ঠু ব্যবস্থাপনা এবং উন্নয়ন সহযোগিদের সাথে সম্পর্ক জোরদারকরণের মাধ্যমে জাতীয় উন্নয়ন কৌশল বাস্তবায়ন করে থাকে। এ বিভাগ বৈদেশিক সম্পদ সংগ্রহের সম্ভাব্যতা যাচাই এবং বৈদেশিক সম্পদ আহরণ ও সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যে বৈদেশিক সম্পদ বরাদ্দকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে। উন্নয়ন সহযোগিদের হতে বৈদেশিক সম্পদ সংগ্রহ, বৈদেশিক ঋণ ধারণযোগ্য পর্যায়ে রাখা এবং উন্নয়ন সহযোগীদের সাথে অর্থনৈতিক সম্পর্ক জোরদারকরণে এ বিভাগের ভূমিকা রয়েছে। দক্ষ মানব সম্পদ উন্নয়নেও এ বিভাগ কাজ করছে। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর আওতায় অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর অধীন ৩ (তিন) মাস মেয়াদে ১০ (দশ) জনকে ইন্টার্নশিপ প্রদান করা হবে। ইন্টার্নশিপ গ্রহণের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহবান করা হলো:

২। এই ইন্টার্নশিপ নিম্নবর্ণিত বিষয় সংশ্লিষ্ট হবে:

(ক) অর্থনৈতিক সম্পর্ক বিভাগ সংশ্লিষ্ট গবেষণা কার্যক্রম
(ইংরেজি, আন্তর্জাতিক সম্পর্ক, রাষ্ট্রবিজ্ঞান, লোক প্রশাসন, হিসাববিজ্ঞান, ফাইন্যান্স, ব্যাংকিং, অর্থনীতি, বাণিজ্যিক ভূগোল, গণিত, উচ্চতর গণিত, ব্যবস্থাপনা, ব্যবসায় প্রশাসন, পরিবেশ বিজ্ঞান ও জলবায়ু পরিবর্তন , পরিসংখ্যান এবং অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রিধারীগণের জন্য)।

(খ) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের দাপ্তরিক কার্যাবলি
(ইংরেজি, আন্তর্জাতিক সম্পর্ক, রাষ্ট্রবিজ্ঞান, লোক প্রশাসন, হিসাববিজ্ঞান, ফাইন্যান্স, ব্যাকিং, অর্থনীতি, বাণিজ্যিক ভূগোল, গণিত, উন্চতর গণিত, ব্যবস্থাপনা, ব্যবসায় প্রশাসন ব্যবস্থাপনা, পরিবেশ বিজ্ঞান ও জলবায়ু পরিবর্তন, পরিসংখ্যান, কম্পিউটার সাইন্স ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রিধারীগণের জন্য)।

৩। আবেদনের যোগ্যতা:

(ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;

(খ) যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা বর্ণিত পরীক্ষায় অবতীর্ণ (Appeared) হতে হবে। অবতীর্ণ প্রার্থীগণকে পরীক্ষায় অবতীর্ণ মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

(গ) স্নাতক/স্নাতকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের দুই (০২) বছরের মধ্যে আবেদন করতে হবে; এবং

(ঘ) ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর অধীন একজন প্রার্থী শুধু একবার ইন্টার্নশিপ করতে পারবে।

৪। কোনো আবেদনকারী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে।

৫। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুচ্ছেদ ১২(গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষণাপত্র ও একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।

৬। ইন্টার্নশিপ চলাকালীন মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে 'ইন্টার্নশিপ ভাতা' প্রদান করা হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে কর কর্তন করা হবে। 'ইন্টার্নশিপ ভাতা' ব্যতিত অন্য কোনো ভাতা/সুবিধা প্রদান করা হবে না।

৭। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক নির্ধারিত একজন সুপারভাইজারের অধীন ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

৮। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী 'ইন্টার্নশিপ ভাতা' প্রাপ্তির জন্য প্রার্থীকে প্রতিমাসে সুপারভাইজারের নিকট থেকে সন্তোষজনক কর্মকালের প্রত্যয়ন দাখিল করতে হবে।

৯। ইন্টার্নশিপ চলাকালীন ইন্টার্ন 'কর্মে নিয়োজিত রয়েছেন' মর্মে কোনোরূপ প্রত্যয়ন প্রদান করা হবে না। তবে সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর ইন্টার্নকে সনদ প্রদান করা হবে।

১০। ইন্টার্নশিপ সনদ কোনোভাবেই কোনো প্রতিষ্ঠানে স্থায়ী, অস্থায়ী বা অন্য কোনো প্রকার চাকরির ক্ষেত্রে প্রাধিকার/অগ্রাধিকার হিসেবে গণ্য হবে না।

১১। কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে প্রাথমিক বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক বা উভয় প্রকার পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১২। প্রযোজ্য ক্ষেত্রে লিখিত বা মৌখিক পরীক্ষার তারিখ ও সময় প্রার্থীর ই-মেইল/ডাকযোগে/মোবাইলে জানানো হবে।

১৩। লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর শর্তানুযায়ী প্রার্থী ইন্টার্নশিপ সমাপনান্তে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবে না।

১৫। আবেদনের জন্য নির্বাচিত প্রার্থীকে ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর সকল শর্ত, অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন ও বিধি-বিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

১৬। আবেদনের জন্য আগ্রহী প্রার্থীগণকে আগামী ১৫ মার্চ ২০২৪ তারিখের মধ্যে (https://erecruitment.bcc.gov.bd/) লিংক এ প্রবেশ করে আবেদন করতে হবে। আবেদনের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো পালন করতে হবে:

(ক) লিংকে প্রবেশ করে আবেদনকারী হিসাবে নিবন্ধন করা;

(খ) নিবন্ধনের পর নিবন্ধিত ই-মেইলের মাধ্যমে লগইন করা;

(গ) চলমান বিজ্ঞপ্তির তালিকা হতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ বাছাই করা; এবং

(ঘ) অতঃপর 'আবেদন করুন' ফাইলে ক্লিক করে যথাবিধি আবেদন সম্পন্ন করতে হবে।

১৭। মৌখিক পরীক্ষায় সময় পূরণকৃত আবেদনপত্র ও আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র (শিক্ষাগত যোগ্যতার সনদ, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে সংগ্রহকৃত চারিত্রিক সনদ/প্রশংসাপত্র, জাতীয় পরিচয়পত্র, জন্মনিবন্ধন, নাগরিকত্বের সনদ, সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের তিন কপি রঙিন ছবি ইত্যাদি) মূলকপি প্রদর্শনপূর্বক এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

০৬/০৩/২০২৪

মোঃ রুহুল আমিন
উপসচিব
ফোন : ৯১৮০৭৯৮
ইমেইল: budget@erd.gov.bd